

রাজনৈতিক দ্বন্দ্বের জন্য অধ্যক্ষরা দিচ্ছেন ইস্তফা

## টাঙ্গাইলের ৭টি কলেজে শিক্ষা বিঘ্নিত

গোপালপুর (টাঙ্গাইল) সংবাদদাতা ॥  
টাঙ্গাইলের ৭টি কলেজে দীর্ঘ দিন যাবৎ  
অধ্যক্ষ না থাকায় শিক্ষার পরিবেশ বিঘ্নিত  
হচ্ছে। এসব কলেজ হচ্ছে গোপালপুর  
কলেজ, মধুপুর কলেজ, ঘাটাইল জিবিজি  
কলেজ, ধনবাড়ী কলেজ, কাশিহাটী  
কলেজ, বাশাইল এমদাদ হামিদা কলেজ  
এবং কাশিহাটী উপজেলার আউলিয়াবাদ  
কলেজ। গোপালপুর ও মধুপুর কলেজের  
অধ্যক্ষ অবসরে চলে যাওয়ায় পদ শূন্য  
হয়েছে, অবশিষ্ট ৫টি কলেজের অধ্যক্ষরা

রাজনৈতিক প্রসিংসনের কারণে ইস্তফা  
নয়তো বেঙ্গাম চাকুরী ছেড়েছেন। সর্বাঙ্গ  
সূত্রে প্রকাশ অধ্যক্ষের পদটি এখন  
পলিটিক্যাল পোস্ট। ছাত্র রাজনীতির  
সুবিধার্থে কমতাসীনরা এ পদে কাউকে  
নিয়োগ না-নিয়ে পছন্দসই কোন শিক্ষককে  
ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে বেছে কলেজ  
পরিচালনা করে। জাতীয় বিশ্ববিদ্যালয়ও  
অধ্যক্ষের শূন্যপদ পূরণে তাগিদ না  
দেওয়ায় জরুরাওদের দিয়েই যুগের পর  
যুগ কলেজ চলে।